দৈনিক
ইনকিলাব

তারিখ SEP 15 2006
পৃষ্ঠা ১২ কলাম ৬

# বাউবি'র এসএসসি'র ফল প্রকাশ

## পাসের হার ৪১.১৩

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে এসএসসি পরীক্ষা ২০০৫-এর ১ম বর্ষ ও ২য় বর্ষের চূড়ান্ত ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশ করা হয়েছে। এ বছর ১ম ও ২য় বর্ষে তালিকাভুক্ত মোট শিক্ষার্থীর সংখ্যা ১১-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## বাউবি'র এসএসসি'র ফল

১২-এর পৃষ্ঠার পর

ছিল ১ লাখ ৩শ' ১৪ জন। চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী ৩৬ হাজার ৭শ' ১০ জন শিক্ষার্থী থেকে মোট ১৫ হাজার ৯৮ জন শিক্ষার্থী চূড়ান্তভাবে কৃতকার্য হয়। এর মধ্যে ৮০ জন 'এ', ৮৩২ জন 'এ-', ৩৮২৪ জন 'বি', ৯৯১৪ জন 'সি' এবং ৪৪৮ জন 'ডি' গ্রেডে উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৪১ দশমিক ১৩। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৮০২৯ জন পুরুষ এবং ৭০৬৯ জন মহিলা। পুরুষ ও মহিলা পরীক্ষার্থীদের পাসের হার যথাক্রমে ৩৯.২৩% এবং ৪৩.৫২%। এ বছর ১ম বর্ষের পরীক্ষায় মোট ৩২ হাজার ২শ' ৭৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।